



মিটফোর্ডে ব্যবসায়ী খুন: ‘পতিত ফ্যাসিবাদের পদধ্বনি’ জামায়াতের বিবৃতি



সংগৃহীত ছবি

ঢাকার মিটফোর্ডে ভাঙারি ব্যবসায়ী চাঁদ মিয়া ওরফে সোহাগকে পাথর মেরে হত্যার ঘটনায় গভীর উদ্বেগ ও নিন্দা জানিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। দলটি এ ঘটনাকে "পতিত ফ্যাসিবাদের পদধ্বনি" বলে আখ্যায়িত করেছে।

শুক্রবার (১১ জুলাই) এক বিবৃতিতে জামায়াতের সেক্রেটারি জেনারেল ও সাবেক এমপি অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার বলেন, “৯ জুলাই বিকেল সাড়ে ৫টার দিকে মিটফোর্ড হাসপাতালের সামনে প্রকাশ্যে মাথায় পাথর মেরে এক ব্যবসায়ীকে নির্মমভাবে হত্যা করা হয়েছে। হত্যার পর লাশের ওপর নৃত্য করে আনন্দ করা হয়েছে। এটি সভ্য সমাজে অকল্পনীয়।”

তিনি অভিযোগ করেন, “বিভিন্ন দৈনিকে প্রকাশিত তথ্য অনুযায়ী, চকবাজার থানা যুবদলের কয়েকজন নেতা নিহত সোহাগের কাছ থেকে চাঁদা দাবি করেছিল। চাঁদা না দেওয়ায় তাকে হত্যা করা হয়।”

পরওয়ার বলেন, “চাঁদাবাজ ও সন্ত্রাসীদের লালন করা রাজনৈতিক শক্তি কতটা ভয়ানক হতে পারে—এ ঘটনা তারই উদাহরণ। এমন শক্তির হাতে জনগণের নিরাপত্তা চরম হুমকির মুখে পড়ে যায়। এখনই এদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা না নিলে দেশ অরাজকতার দিকে ধাবিত হবে।”

তিনি সরকারের প্রতি আহ্বান জানান, দোষীদের দ্রুত হেঁস্তার করে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে এবং শান্তি-শৃঙ্খলা রক্ষায় কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে। একইসঙ্গে নিহত ব্যবসায়ীর আত্মার মাগফিরাত কামনা এবং তার পরিবার-পরিজনের প্রতি সমবেদনা জানান জামায়াত নেতা।